# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোন-৯৫৫০৪০৩, ই-মেইল dgmlad1@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/অংশ/২০১৯-২০২০/ ১১৫৫(১২৫০) তারিখঃ ১৪/০৫/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশে নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারনে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর এসএমইএসপিডি সার্কুলার নং-১ তারিখঃ ১৩/০৪/২০২০, যা অত্র বিভাগের পত্র সূত্র নং-১১২৩(১২৫০), তারিখঃ ২৯/০৪/২০২০ এর মাধ্যমে জারী করা হয়েছে। উল্লেখিত সার্কুলার মোতাবেক কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখ ভিত্তিক সিএমএসএমই ঋণস্থিতির সর্বোচ্চ ১০ শতাংশ এক অর্থবছরে এই প্যাকেজের আওতায় চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান করতে পারবে। ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখ ভিত্তিক অত্র ব্যাংকের সিএমএসএমই ঋণ স্থিতি ১৩৪০.৭৩ কোটি টাকা (ঋণ শ্রেণীবিন্যাস প্রতিবেদন মোতাবেক)। সে মোতাবেক অত্র ব্যাংকে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা দাঁড়ায় ১৩৪.০৭ কোটি টাকা। উল্লেখিত লক্ষ্যমাত্রা বিভাগওয়ারী নিম্নোক্তভাবে বন্টন করা হলোঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগের নাম | ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখ ভিত্তিক সিএমএসএমই ঋণ স্থিতি | বিশেষ ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা (৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখ ভিত্তিক সিএমএসএমই ঋণস্থিতির ১০ শতাংশ) |
|---|---|---|---|
| ১. | ঢাকা | ২৬৪.১৪ | ২৭.০০ |
| ২. | ময়মনসিংহ | ১৬০.১৯ | ১৬.০০ |
| ৩. | চট্টগ্রাম | ১৬৬.৯১ | ১৭.০০ |
| ৪. | খুলনা | ১০৬.৪৯ | ১০.০০ |
| ৫. | বরিশাল | ৪০.৭৫ | ৪.০০ |
| ৬. | সিলেট | ১০০.৩২ | ১০.০০ |
| ৭. | কুমিল্লা | ২১৫.১৪ | ২২.০০ |
| ৮. | ফরিদপুর | ১০৮.৮১ | ১০.০০ |
| ৯. | কুষ্টিয়া | ১৫০.০৯ | ১৫.০০ |
| ১০. | এলপিও | ২৭.৮৯ | ৩.০৭ |
| | | ১৩৪০.৭৩ | ১৩৪.০৭ |

০২। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখ ভিত্তিক সিএমএসএমই ঋণস্থিতির ১০ শতাংশ অথবা অঞ্চলসমূহের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে লক্ষ্যমাত্রা বন্টন করবেন। একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। বন্টনকৃত লক্ষ্যমাত্রা বিভাগীয় কার্যালয়সমূহ আগামী ২০/০৫/২০২০ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করবে। লক্ষ্যমাত্রা বন্টনকালে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরন করতে হবেঃ

ক) ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখ ভিত্তিক শাখা/অঞ্চলের সিএমএসএমই ঋণস্থিতির ভিত্তিতে ও বাস্তবতার নিরিখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে;

খ) বরাদ্ধ/নির্ধারিত সীমার অতিরিক্ত ঋণ এ খাতে বিতরণ করা যাবে না। সীমাতিরিক্ত ঋণ/বিনিয়োগের উপর সরকার হতে ভর্তুকী পাওয়া যাবে না;

গ) এই ঋণ/ বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে সিএমএসএমই খাতের উৎপাদন ও সেবা উপখাতকে প্রাধান্য দেয়া হবে। তবে, ব্যবসা/ট্রেড ভিত্তিক মাইক্রো ও ক্ষুদ্র শিল্প এ সুবিধার আওতাভুক্ত হবে। এই প্যাকেজের আওতায় উৎপাদন, সেবা ও ব্যবসা (ট্রেড) উপখাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক মোট ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার হবে যথাক্রমে ৫০, ৩০ ও ২০ শতাংশ;

ঘ) বাৎসরিক মোট ঋণ/বিনিয়োগের ন্যূনতম ১৫ শতাংশ গ্রাম অঞ্চলে প্রদান করতে হবে;

ঙ) বাৎসরিক মোট ঋণ/বিনিয়োগের ন্যূনতম ৭০ শতাংশ কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র শিল্প খাতে এবং অবশিষ্ট ৩০ শতাংশ মাঝারি শিল্প খাতে প্রদান করা যাবে;

চ) বাৎসরিক মোট ঋণ/বিনিয়োগের ন্যূনতম ৫ শতাংশ নারী উদ্যোক্তাগনকে প্রদান করতে হবে;

ছ) এ ঋণ/বিনিয়োগ ০৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখ বাংলাদেশ ব্যাংকের জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-২ এর ৩ নং ক্রমিকে উল্লিখিত বছর ভিত্তিক লক্ষ্যমাত্রার অন্তর্ভুক্ত হবে না;

জ) এ প্যাকেজের মেয়াদ হবে ৩ (তিন) বছর;

ঝ) কোনো একক উদ্যোক্তা প্রতিষ্ঠান সর্বোচ্চ এক বছর এ প্যাকেজের আওতায় সরকার হতে ভর্তুকী প্রাপ্য হবেন।

০৩। এই ঋণ/বিনিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য 'করোনা ভাইরাস মোকাবেলায় বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা- এসএমই প্যাকেজ' নামে আলাদাভাবে সংরক্ষিত হবে। উল্লেখিত প্যাকেজের আওতায় বর্তমানে চলমান সুদের হার ৯% এর বিপরীতে সরকার ৫% সুদ ভর্তুকী হিসাবে প্রদান করবে। সুদ ভর্তুকী পাওয়ার লক্ষ্যে পূর্ববর্তী মাসের ঋণ/বিনিয়োগ অনুমোদন ও বিতরণ সংক্রান্ত তথ্যাদি (এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এর সংযোজনী ১, ২ এবং সার্কুলার লেটার-০১/২০২০ এর সংযোজনী ২ এর ক,খ) ***পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।*** এছাড়াও সার্কুলার লেটার-০১/২০২০ এর সংযোজনী-৩ মোতাবেক ত্রৈমাস সমাপান্তে ***পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।*** বিবরণীর সাথে শাখা কর্তৃক প্রকৃত ঋণ বিতরণের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। বিভাগীয় কার্যালয়সমূহ একীভূত বিবরণী ও প্রত্যয়নপত্র উক্ত সময়সীমার মধ্যে সফট কপি ই-মেইলে (dgmsme@krishibank.org.bd) ও হার্ডকপি প্রেরণ নিশ্চিত করতে হবে। শাখা ও অঞ্চল হতে আলাদা কোন বিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না। স্থানীয় মুখ্য কার্যালয় সরাসরি ক্রেডিট বিভাগে বিবরণী প্রেরণ করবে।

০৪। এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ২৬/০৪/২০২০ মোতাবেক করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারনে ক্ষতিগ্রস্থ সিএমএসএমই খাতে ঋণ সুবিধা প্রদান করা হলে বাংলাদেশ বাংকের নিজস্ব তহবিল হতে বিতরণকৃত ঋণের সর্বোচ্চ ৫০% অর্থ পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। উক্ত সুবিধা প্রাপ্তির লক্ষ্যে পুনঃঅর্থায়ন সংক্রান্ত তথ্যাদি (এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ২৬/০৪/২০২০ এর সংযোজনী ক,খ ও গ মোতাবেক) মাসিক ভিত্তিতে ***পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।***

০৫। এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ ও ০২/২০২০ যথাযথভাবে পরিপালন ও ঋণ/বিনিয়োগ বিতরণ কার্যক্রম তদারকির লক্ষ্যে অত্র ব্যাংকের প্রতিটি বিভাগীয় কার্যালয়ে কর্মকর্তাদের সমন্বয়ে ০৩ সদস্যবিশিষ্ট একটি মনিটরিং টিম গঠনপূর্বক তাদের নাম, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা আগামী ২০/০৫/২০২০ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করতে হবে। অনুরূপভাবে আঞ্চলিক পর্যায়ে মনিটরিং টিম গঠনপূর্বক বিভাগীয় কার্যালকে অবহিত করতে হবে।

০৬। এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ ও ০২/২০২০ এবং সার্কুলার লেটার-০১/২০২০ এ প্রদত্ত নিদেশাবলী যথাযথভাবে অনুসরনপূর্বক করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। পাশাপাশি সুদ ভর্তুকী ও পুনঃঅর্থায়ন সুবিধা পাওয়ার লক্ষ্যে চাহিত তথ্যাদি/বিবরণী নির্ভুলভাবে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৪/০৫/2020

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/২০১৯-২০২০/ ১১৫৫(১২৫০) তারিখঃ ১৪/০৫/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ***<u>উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।</u>***
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৪/০৫/20

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা